গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)
স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
www.dghs.gov.bd

স্মারক নং- স্বাঃঅধিঃ/এমআইএস/২০২০/ ৪৮২২ তারিখঃ ০৭ / ১২/২০২০ খ্রিঃ।

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরাধীন "শুদ্ধাচার ও নৈতিকতা" কমিটির ২০২০-২০২১ আর্থিক বছরের প্রথম সভার কার্যবিবরণী:

সভাপতি: অধ্যাপক ডা: নাসিমা সুলতানা, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর;
তারিখ ও সময়: ১২/১১/২০২০ খ্রি: সকাল ১১.০০ টা;
স্থান: সভা কক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন), মহাখালী, ঢাকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। পরবর্তীতে সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির বর্তমান সদস্য সচিব, ডাঃ শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিনকে সভার কার্যক্রম শুরু করতে বলেন। তিনি জানান করোনা মহামারীর জন্য জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি সভা সময়মত আয়োজন করা সম্ভব হয়নি। বর্তমানে স্বাভাবিক কার্যক্রম চালিয়ে নেয়ার লক্ষ্যে মন্ত্রণালয় থেকে এতদবিষয়ে তাগিদ দেয়া হয়েছে। পরে তিনি কমিটির সাবেক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালনকারী ডাঃ আনোয়ারা শরীফ, প্রাক্তন উপ-পরিচালক (পিআরএল), এমআইএস-কে অদ্যকার কার্যাবলী সম্পর্কে বক্তব্য রাখার জন্য অনুরোধ জানান।

ডাঃ আনোয়ারা শরীফ গত সভার কার্যবিবরণীর উপর পর্যালোচনা করেন ও অদ্যকার সভার আলোচ্যসূচী বর্ণনা করেন। ২০২০-২০২১ বছরের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে তিনি সভায় অবহিত করেন। উল্লেখ্য, উক্ত সভায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম উপস্থিত ছিলেন।

উপস্থিত সদস্য/কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' ।

সভার আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১। | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা: (১.১) নৈতিকতা কমিটির সভা (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | কোভিড-১৯ মহামারীর কারনে নিয়মিত সভা অনুষ্ঠিত হয়নি। এখন থেকে সকল পরিচালকগণ প্রতি ২ মাস পর পর সচেতনতা বৃদ্ধি কল্পে সভার আয়োজন করবেন। | কার্যক্রম আরও গতিশীল করা। | সকল পরিচালক। |
| ২। | দক্ষতা ও নৈতিকতার উন্নয়নঃ (২.১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণ সভা (২.২) অংশীজনের অংশগ্রহণ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন (২.৩) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন (২.৪) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | অধিদপ্তরের অধীন সকল ওপিতে প্রশিক্ষণের মডিউলে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্তিকরণ।<br><br>সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | মধ্য মেয়াদী পরিকল্পনায় এ কার্যক্রম ওপিতে সংযুক্ত করা।<br><br>কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের পরিকল্পনা গ্রহণ। | সকল লাইন ডাইরেক্টরগণ<br><br>পরিচালক (প্রশাসন) |
| ৩। | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়নঃ | কোভিড-১৯ সংক্রান্ত গাইডলাইন/পরিপত্র/প্রজ্ঞাপন জারী করা হয়েছে। | প্রণীত গাইড লাইন পরিপত্র/প্রজ্ঞাপন যথাযথভাবে প্রতিপালন। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ৪। | ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণঃ | এমআইএস ১৬২৬৩ এবং | ই-মেইল এবং | সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৪.১) সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ (৪.২) স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ (৪.৩) স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ (৪.৪) স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ (৪.৫) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | কমপ্লেইন্ট এন্ড সাজেসন বক্স এর মাধ্যমে উক্ত কার্যক্রম চালু রেখেছে। বেসরকারী হাসপাতাল/ডায়াগনোস্টিক সেন্টার রেজিষ্ট্রেশন ও নবায়ন কার্যক্রম অনলাইনে হাসপাতাল শাখা করে থাকে। অভিযোগ নিষ্পত্তি সাপোর্ট টিকেট ও এসএমএস এর মাধ্যমে গ্রহণ করা হয় এবং নিষ্পত্তি করা হয়। অন লাইনে কমপ্লেইন্ট এন্ড সাজেসন বক্স এর মাধ্যমে (ই-মেইল/এসএমএস-এর রেসপন্স করা এবং ৯৫% সমস্যা দুরীভুত করা সম্ভব হয়েছে বলে সভায় অবহিত করা হয়। | এসএমএস-এর ব্যবহার সংখ্যা ১০০% নির্ধারনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কার্যক্রম চলমান আছে প্রতি মাসে ৯ টি ভিডিও কনফারেন্স স্বাস্থ্য অধিদপ্তর ও এমআইএস এর মাধ্যমে করা হয়। এ ছাড়াও এমএনসিএএইচ ও এনএনএস নিজস্ব ভিডিও কনফারেন্স এর মাধ্যমে তাদের কার্যক্রম চালনা করে থাকেন। | পরিচালক লাইন ডাইরেক্টরগণ |
| ৫। | সুশাসন প্রতিষ্ঠাঃ<br>(৫.১) উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ (৫.২) অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | (১) কমপ্লেইন্ট এন্ড সাজেসন (GRS) বক্স এর মাধ্যমে উক্ত কার্যক্রম চালু রেখেছে। (২) ই-জিপি, (৩) ই-নথি, (৪) তথ্য অধিকার (৫) বায়োমেট্রিক হাজিরা, (৬) Hospital Automotion (৭) স্বাস্থ্য ব্যবস্থা শক্তিশালীকরণ কার্যক্রমের মাধ্যমে জাতীয় স্বাস্থ্য মন্ত্রী পুরস্কার প্রদান ইত্যাদি কার্যক্রম চলমান। ভিডিও কনফারেন্স, টেলিমেডিসিন সেবা, ই-ফাইলিংকার্যক্রম বাস্তবায়ন এবং ইউনিকোড সকল দপ্তরে ব্যবহারকরণের হার বৃদ্ধির জন্য তাগিদ দেয়া হয়েছে। অধিদপ্তরের সকল বিভাগে অনলাইন সেবা চালু রাখার বিষয়ে আলোচনা হয়। | কমপ্লেইন্ট এন্ড সাজেসন (GRS) বক্স এর মাধ্যমে স্বাস্থ্য সেবা বিষয়ক অভিযোগ অধিকতর গুরুত্বসহ নিষ্পত্তি করা। ভিডিও কনফারেন্স, টেলিমেডিসিন সেবা, ই-ফাইলিংএবং ইউনিকোড সকল বিভাগে চালু করা এবং তা অব্যাহত রাখা। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ৬। | প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচারঃ<br>(৬.১) প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন (৬.২) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ (৬.৩) প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | Planning Monitoring and Research(PMR) এর আওতায় সকল কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পরিদর্শন, প্রতিবেদন পেশ ইত্যাদি কার্যক্রম নিয়মিতভাবে প্রতিপালন করা হয়ে থাকে। | PMR কর্তৃক নিয়মিতভাবে প্রকল্পের বাস্তবায়ন অবস্থা পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন পেশ করা। | পরিচালক PMR |
| ৭। | ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচারঃ<br>(৭.১) পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ<br>(৭.২) ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ই-জিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন এবং এর সংখ্যা নির্ধারণ করা । সংখ্যা বৃদ্ধির জন্য নির্দেশনা দেয়া হয়েছে। | সকল ওপিতে ই-জিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন নিশ্চিত করা। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ৮। | স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণঃ<br>(৮.১) স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি | সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন, প্রতিষ্ঠান পরিদর্শন | সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন করা। | সকল পরিচালক ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন (৮.২) শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিবদর্শন (৮.৩) শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিবদর্শনের সুপারিশ বাস্তবায়ন (৮.৪) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ (৮.৫) শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ (৮.৬) প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন | প্রতিবেদন দাখিল ও সুপারিশসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোনা করা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।<br><br>নথি বা যন্ত্রপাতি যা অব্যবহারযোগ্য এবং পরিবেশের ক্ষতি করছে এমন নথি বা যন্ত্রপাতির তালিকা প্রণয়ন করে তা ধ্বংস করার বিষয়ে আলোচনা হয়। | অকেজো যন্ত্রপাতি বা নথির তালিকা করা এবং যথানিয়মে তা নিলামের ব্যবস্থা করা বা ধ্বংস করা। | লাইন ডাইরেক্টরগণ |
| ৯। | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমঃ | স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং তদানুযায়ী কাজ চলমান। | বার্ষিক উদ্ভাবনী কর্ম পরিকল্পনা প্রণয়ণ এবং আরও গতিশীল করা। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১০। | শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানঃ<br>(১০.১) শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | বিগত অর্থ বছরের কোভিড-১৯ মহামারীর জন্য স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হওয়ায় পুরস্কার প্রদান করা হয়নি। | চলতি অর্থ বছর থেকে নিয়মিতভাবে পুরস্কার প্রদান। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১১। | কর্মপরিবেশ উন্নয়নঃ (১১.১) কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | নথি/ফাইল শেণি বিন্যাস, অকেজো মালামাল এর তালিকা তৈরী। | মেয়াদ উত্তীর্ণ ও অকেজো মালামাল ধ্বংস করা। | সংশ্লিষ্ট পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১২। | অর্থ বরাদ্দঃ<br>(১২.১) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | সভাপতি মহোদয় অর্থ বরাদ্দ সম্পর্কে জানতে চাইলে পরিচালক,অর্থ সভায় অবহিত করেন যে, শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রমের জন্য ৫ লক্ষ টাকা বরাদ্দ আছে। | বরাদ্দকৃত অর্থ প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমে যথাযথভাবে ব্যবহার করার পরিকল্পনা গ্রহণ করা। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১৩। | পরিবীক্ষণ ও মূল্যায়নঃ<br>(১৩.১) দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব মন্ত্রণালয় এবং ওয়েবসাইটে আপলোডকরণ (১৩.২) নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ (১৩.৩) আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হছে। | প্রনীত কর্মকৌশল সঠিকভাবে বাস্তবায়ন এবং আগামী সভায় সার্বিক কর্মকান্ডের ফিডব্যাক উপস্থাপন করা। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |

- সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকিতা কমিটির জন্য প্রত্যেক অপারেশন প্লান (ওপি) থেকে এক জন কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেসসহ আগামী ১ সপ্তাহের মধ্যে কমিটির সদস্য-সচিব বরাবরে প্রেরণের জন্য উপস্থিত সকল পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে অনুরোধ জানান।

- জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকিতা কমিটির কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে একজন পরামর্শক নিয়োগের বিষয়ে আলোচনা হয় এবং অতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন। পরামর্শক নিয়োগে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ আছে মর্মে পরিচালক (অর্থ) সভায় অবহিত করেন।

- অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সকল অপারেশনাল প্লানের প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করতে অনুরোধ করেন।

আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পূণরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

অধ্যাপক ডা: নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্মারক নং- স্বাঃঅধিঃ/এমআইএস/২০২০/ ৪৬২২/১(৭) তারিখঃ ৩/১২/২০২০ খ্রিঃ।

বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। দৃষ্টি আকর্ষণঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক/লাইন ডাইরেক্টর, প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা/সিবিএইচসি/হাসপাতাল/এমআইএস/অর্থ/সিডিসি/এনসিডিসি/ পিএইচসি/পিএমআর/আইপিএইচএন/এএমসি/লাইফ স্টাইল এন্ড হেলথ এডুকেশন প্রমোশন/এনইসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-৪ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস কপি।

(ডা: শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন)
উপ-পরিচালক, এমআইএস
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও
সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি